

## ■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৭১০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৭১]

৩। হয়ে খুতুস্বাব (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ২৯. মুসলিম অপবিত্র (নাপাক) হয় না।

بَاب الدِّلِيلِ عَلَى أَنَّ الْمُسْلِمَ لَا يَنْجُسُ

আরবী

حَدَّثَنِي زُهيرٌ بْنُ حَرْبٍ، حَدَّثَنَا يَحْيَى، - يَعْنِي ابْنَ سَعِيدٍ - قَالَ حُمَيْدٌ حَدَّثَنَا حُمَيْدٌ حَدَّثَنَا أَبُو بَكْرٍ بْنُ أَبِي شَيْبَةَ، - وَاللَّفْظُ لَهُ - حَدَّثَنَا إِسْمَاعِيلُ ابْنُ عُلَيَّةَ، عَنْ حُمَيْدٍ الطَّوَيْلِ، عَنْ أَبِي رَافِعٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّهُ لَقِيَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي طَرِيقٍ مِّنْ طُرُقِ الْمَدِينَةِ وَهُوَ جُنْبٌ فَانْسَلَ فَذَهَبَ فَاغْتَسَلَ فَتَفَقَّدَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا جَاءَهُ قَالَ "أَيْنَ كُنْتَ يَا أَبَا هُرَيْرَةَ". قَالَ يَا رَسُولَ اللَّهِ لَقِيَتِنِي وَأَنَا جُنْبٌ فَكَرِهْتُ أَنْ أُجَالِسَكَ حَتَّى أَغْتَسِلَ . فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "سُبْحَانَ اللَّهِ إِنَّ الْمُؤْمِنَ لَا يَنْجُسُ" .

বাংলা

৭১০-(.../৩৭১) যুহায়র ইবনু হারব ও আবু বকর ইবনু আবু শাইবাহ (রহঃ) ..... আবু হুরাইরাহ (রাযঃ) থেকে বর্ণিত। তিনি একবার মদীনার কোন এক রাত্তায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে সাক্ষাৎ করলেন। তিনি (আবু হুরাইরাহ) তখন (জানাবাত) অপবিত্র অবস্থায় ছিলেন। এ কারণে তিনি আস্তে করে পাশ দিয়ে চলে গেলেন এবং গোসল করলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে খোঁজ করলেন। যখন তিনি আসলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “হে আবু হুরাইরাহ তুমি কোথায় ছিলে?” তিনি বললেন, ইয়া রাসূলুল্লাহ! আপনার সঙ্গে যখন আমার সাক্ষাৎ হয় তখন আমি অপবিত্রাবস্থায় ছিলাম। তাই আমি গোসল না করে আপনার মাজলিসে বসা ভাল মনে করিনি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, সুবহানাল্লাহ! মুমিন তো অপবিত্র হয় না\*। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৭০৮, ইসলামিক সেন্টারঃ ৭২৩)

## English

Chapter: Evidence that the Muslim does not become impure

Abu Huraira reported that he met the Messenger of Allah (صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ) on one of the

paths leading to Medina in a state of (sexual) defilement and he slipped away and took a bath. The Apostle of Allah (ﷺ) searched for him and when he came, he said to him:

0 Abu Huraira, where were you? He said: Messenger of Allah, you met when I was (sexually) defiled and I did not like to sit in your company before taking a bath. Upon this the Messenger of Allah (ﷺ) said: Hallowed be Allah, verily a believer is never defiled.

## ফুটনোট

\* এ হাদীসের দ্বারা বুরা গেল যে, জানাবাত বা অন্য কোন কারণে অপবিত্র অবস্থায় তাসবীহ-তাহলীল ও তাকবীর তথা সকল প্রকার যিকর করা জায়িয় আছে। তবে কুরআনুল মাজীদের একটি আয়াতও তিলাওয়াত করা এবং সালাত আদায় করা জায়িয় নয়।

হাদীসের মান: সহিহ (Sahih) পুঁজিরাফ্টিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হৱায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=47463>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন